



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st. Term: Answer Worksheet - 6



Class: 4

Subject: Bengali Text (ভবচন্দ্র রাজা আর গবচন্দ্র মন্ত্রী)

Date : 24/7/2020

১। গবচন্দ্রের বুদ্ধি যাহাতে বাহির হইয়া না যায় তাহার জন্য কী করা হইয়াছিল ?

উ: মহারাজা ভবচন্দ্রের মন্ত্রী ছিলেন গবচন্দ্র । তাহার অনেক বুদ্ধি ছিল । তাহার বুদ্ধি যাহাতে বাহির হইয়া না যায় সেইজন্য তাহার নাকে কানে টিপলে দিয়া বন্ধ করা হইয়াছিল । তাহাতেও তিনি সন্তুষ্ট না হইয়া তিনি সিন্দুকের ভিতরে গিয়া থাকিতেন । রাজার বিপদ হইলে সিন্দুক হইতে বাহির হইয়া নাক ও কানের পুটুলি খুলিয়া বুদ্ধি বাহির করিতেন ।

২। বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের পরিচয় দও ।

উ: ১৮৩৮ সালের ২৬শে জুন বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম হয় নৈহাটির কাঁঠালপাড়া গ্রামে । পিতার নাম যাদব চন্দ্র চট্টোপাধ্যায় । তিনি বাংলা ভাষায় প্রথম উপন্যাস রচনা করিয়াছিলেন । তিনি উপন্যাস ছাড়াও ব্যঙ্গ রচনা, হাসির রচনা লিখিয়া গিয়াছেন । তাহার বিখ্যাত একটি উপন্যাস হলো 'আনন্দমঠ' । এই উপন্যাসেই বাংলার বিখ্যাত গানটি 'বন্দে মাতরম' রয়েছে । পরাধীন ভারতে 'বন্দে মাতরম' ধ্বনি স্বদেশীদের কর্ম প্রেরণা যুগিয়েছে ।

৩। রাজার নগরে শূকর আসিলে কীরূপ বিপদ উপস্থিত হইয়াছিল ?

উ: একদিন রাজার নগরে এক শূকর দেখা গিয়াছিল । সেই শূকর নামক জীবটিকে কেহ স্থির করিতে পরিতোছিল না সেটি কী ? সকলেই বিপদের আশঙ্কা করিতেছিল । তখন মন্ত্রীকে সিন্দুক হইতে বাহির করা হইল । মন্ত্রী তাহার টিপলে খুলিয়া অনেক চিন্তা ভাবনা করিতে লাগিলেন । অনেক চিন্তা ভাবনা করিয়া মন্ত্রী বলিলেন এটা অবশ্য হস্তী না খাইয়া রোগা হইয়াছে আর না হইলে ইঁদুর খাইয়া মোটা হইয়াছে ।

৪। পথিক দুইজন কীভাবে তাহাদের জীবন বাঁচাইতে পারিয়াছিল ?

উ: পথিক দুইজন পরামর্শ করিয়া রাজাকে জানাইল যে তাহারা জ্যোতিষ শাস্ত্র জানে । তাহারা জ্যোতিষ গণনায় দেখিয়াছে যে, আজ যে ব্যক্তি দীর্ঘ শূলে আরোহণ করিয়া প্রাণ ত্যাগ করিবে সে পুনর্জন্মে চক্রবর্তী রাজা হইয়া সঙ্গীপা সসাগরা পৃথিবীর অধীশ্বর হইবে । যে ছোটো শূলে মরিবে সে তাহার মন্ত্রী হইয়া জন্মাইবে । তাই তাহারা দুইজনেই চাহিতেছে জন্মান্তরে চক্রবর্তী রাজা হইতে । ইহা শুনিয়া রাজা তাহার রক্ষীদের বলিলেন ইহদের তাহাদের তাড়াইয়া দাও । এইভাবে পথিক দুইজন তাহাদের জীবন বাঁচাইতে পারিয়াছিলেন ।

Manashi Chaudhuri